# আপনার কি সার্ভিকাল (জরায়ুমুখের) ক্যানসার স্ক্রিনিং প্রয়োজন?

## আপনার সার্ভিকাল স্বাস্থ্য সম্পর্কে একটি সংক্ষিপ্ত নির্দেশিকা

**কার স্ক্রিনিং করা উচিত?** – যাদের সার্ভিক্স (জরায়ুমুখ) রয়েছে, তাদের সকলের স্ক্রিনিং করানো উচিত, যেমন:

**• নারী • ট্রান্সজেন্ডার পুরুষ • নন-বাইনারি ব্যক্তি**

যৌন ইতিহাস নির্বিশেষে 21 বছর বয়স থেকে স্ক্রিনিং শুরু হওয়া উচিত।

- **65 বছরের বেশি: পূর্ববর্তী পরীক্ষার ফলাফল স্বাভাবিক থাকলে আপনার আর স্ক্রিনিংয়ের প্রয়োজন নাও হতে পারে।**
- **21 বছরের কম: স্ক্রিনিংয়ের প্রয়োজন নেই (HPV টিকা নেওয়ার পরামর্শ দেওয়া হয়)।**

✔ আপনার স্বাস্থ্যগত ইতিহাসের ভিত্তিতে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী ভিন্ন একটি স্ক্রিনিং সময়সূচি সুপারিশ করতে পারেন

---

## সব পেলভিক পরীক্ষায় সার্ভিকাল প্যাপ টেস্ট থাকে না

এমন হতে পারে যে আপনি পেলভিক পরীক্ষা করিয়েছেন কিন্তু সার্ভিকাল ক্যানসারের জন্য স্ক্রিনিং করাননি।

✔ সবসময় জিজ্ঞাসা করুন: **"আমি কি আজ সার্ভিকাল প্যাপ স্মিয়ার পরীক্ষা করাচ্ছি?"**

---

## এগুলো ভিন্ন পরীক্ষা:

- **সার্ভিকাল ক্যানসার স্ক্রিনিং:** আপনার কেবল **সার্ভিকাল প্যাপ টেস্ট** অথবা **সার্ভিকাল প্যাপ টেস্টের সাথে HPV টেস্ট** করা হতে পারে। উভয় পরীক্ষাই সার্ভিকাল ক্যানসার শনাক্ত করতে সাহায্য করে।
- **STI পরীক্ষা → যৌনবাহিত সংক্রমণ পরীক্ষা করে**
- **ভ্যাজাইনাইটিস পরীক্ষা → জ্বালা বা অস্বস্তির কারণ পরীক্ষা করে (যেমন ইস্ট বা ব্যাকটেরিয়াল ভ্যাজাইনাইটিস)।**

---

## হিস্টেরেক্টমি (জরায়ু অপসারণ) হয়েছে?

আপনার তবুও স্ক্রিনিংয়ের প্রয়োজন হতে পারে।

- **সার্ভিক্স বা জরায়ুমুখ অপসারণ করা হয়েছে? → সাধারণত, সার্ভিকাল প্যাপ টেস্টের প্রয়োজন নেই**
- **সার্ভিক্স এখনও আছে? → আপনার এখনও প্যাপ টেস্টের প্রয়োজন আছে**

✔ নিশ্চিত নন? আমাদের জিজ্ঞাসা করুন – আমরা সাহায্য করতে পারি

---

## আপনি কি গর্ভবতী?

প্রসবপূর্ব ভিজিটের সময় আপনি স্বয়ংক্রিয়ভাবে প্যাপ টেস্ট নাও পেতে পারেন।

✔ আপনার পরীক্ষার সময় হয়েছে কিনা তা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন

---

## উদ্বিগ্ন বোধ করছেন?

তা ঠিক আছে। আপনার আরাম এবং নিরাপত্তা গুরুত্বপূর্ণ।

- **একজন সহকারী (সাধারণত নার্স) উপস্থিত থাকেন**
- **আপনি নির্দিষ্ট লিঙ্গের পরীক্ষককে অনুরোধ করতে পারেন**
- **প্রয়োজন হলে একজন দোভাষী উপস্থিত থাকবেন**
- **আপনার শরীর এবং আপনার স্বাস্থ্যসেবা-সংক্রান্ত সিদ্ধান্তের নিয়ন্ত্রণ আপনার হাতেই**
- **আপনি যেকোনো সময় পরীক্ষা বন্ধ করার অনুরোধ করতে পারেন**
- **পরীক্ষা শুরুর আগে আপনার প্রশ্ন করার সুযোগ থাকবে**

---

## • কেন স্ক্রিনিং সবার জন্য গুরুত্বপূর্ণ

স্ক্রিনিং সবার জন্য গুরুত্বপূর্ণ। সার্ভিকাল ক্যানসারের লক্ষণ সাধারণত প্রাথমিক পর্যায়ে দেখা যায় না, তাই আক্রান্ত ব্যক্তি হয়তো জানেনই না যে তার ক্যানসার হয়েছে। কৃষ্ণাঙ্গ এবং হিস্পানিক নারীদের মতো কিছু গোষ্ঠীর ক্ষেত্রে ক্যানসার দেরিতে ধরা পড়ার সম্ভাবনা বেশি থাকে, যখন এটি চিকিৎসা করা কঠিন হয়ে পড়ে। নিয়মিত চেকআপ এবং স্বাস্থ্যসেবা পাওয়ার সমান সুযোগ না থাকার কারণে এমনটা হতে পারে। স্ক্রিনিং করালে সাধারণত সমস্যাগুলো প্রাথমিক পর্যায়েই ধরা পড়ে, তখন সেগুলো চিকিৎসা করা এবং নিরাময় করা সহজ হয়।

---

**আপনার কি কোনো প্রশ্ন আছে? আজই আপনার কেয়ার টিমের সাথে কথা বলুন।**

**716-831-8612**

ECMC Family Health Center

ECMC Population Health & Health Equity

EC5606:IntMed